

নম্বর : ০৫.০০.০০০০.২০২.২৫.০০১.২০.২৩

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৬  
১৬ ফেব্রুয়ারি ২০২০

**বিষয়: Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh শীর্ষক প্রশিক্ষণের ৫৩তম ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Mid-Career Training Programme on Field Administration for Civil Servants of Bangladesh এর ৫৩তম ব্যাচের প্রশিক্ষণ আগামী ০৬/০৪/২০২০ হতে ১৭/০৪/২০২০ তারিখ অথবা এর নিকটবর্তী সময়ে ভারতের National Centre for Good Governance (NCGG), India-তে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণের ৫৩তম ব্যাচে অংশগ্রহণের জন্য নিম্নরূপ বিভাজন, ছক ও নির্দেশনা অনুযায়ী আগামী ০৫/০৩/২০২০ তারিখের মধ্যে মনোনয়ন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

বিভাগের নাম	সংখ্যা	কর্মকর্তার পদবি
ঢাকা	৬	উপপরিচালক, স্থানীয় সরকার/জেলা পরিষদের সচিব/পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/অতিরিক্ত জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসকের কার্যালয় ও বিভাগীয় কমিশনার অফিসে কর্মরত সিনিয়র সহকারী কমিশনার।
চট্টগ্রাম	৫	
রাজশাহী	৪	
খুলনা	৩	
বরিশাল	৩	
সিলেট	৩	
রংপুর	৩	
ময়মনসিংহ	৩	

ছক

ভারতে অনুষ্ঠেয় Mid-Career Training for Field Administration of Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ৫৩তম ব্যাচে ..... বিভাগ হতে মনোনীত কর্মকর্তার তালিকা নিম্নরূপ:

ক্রমিক নম্বর	মনোনীত কর্মকর্তার নাম (বাংলা ও ইংরেজীতে) ও পরিচিতি নং	পদবি, বর্তমান কর্মস্থল ও ব্যাচ নং	জন্ম তারিখ ও বয়স (এপ্রিল ২০২০)	মোবাইল নম্বর	ই-মেইল এড্রেস	অফিসিয়াল পাসপোর্ট নম্বর, ইস্যু ও মেয়াদ উত্তীর্ণের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

নির্দেশনা:

- মনোনয়নের ক্ষেত্রে কর্মদক্ষতা ও জ্যেষ্ঠতা বিবেচনা করতে হবে এবং দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে অগ্রাধিকার দিতে হবে;
- মনোনীত কর্মকর্তাবৃন্দের কমপক্ষে ৬ মাস মেয়াদ (অক্টোবর ২০২০ পর্যন্ত) সম্পন্ন অফিসিয়াল পাসপোর্ট থাকতে হবে;
- ইতঃপূর্বে যারা এ কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই;
- অনাগ্রহী কর্মকর্তা এবং পদ হতে প্রত্যাহারের আদেশপ্রাপ্ত কর্মকর্তাদের মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই;
- বর্ণিত প্রশিক্ষণে কোন কর্মকর্তা স্পাউজ বা কোন সন্তানকে সঙ্গে নিতে পারবেন না;
- জেলা প্রশাসকের কার্যালয় ও বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে কর্মরত সিনিয়র সহকারী কমিশনার যারা ইতঃপূর্বে এ কোর্সে অংশগ্রহণ করেননি, তাদের মনোনয়ন প্রদান করা যাবে;
- যথাযথ সংখ্যক প্রশিক্ষণার্থীর অংশগ্রহণের নিমিত্ত মনোনয়ন প্রদানের ক্ষেত্রে নবযোগদানকৃত কর্মকর্তাদের বিবেচনা করা যাবে;
- প্রতি সেট আবেদন ফরমের হার্ড-কপির সাথে ১ কপি জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ১ কপি অফিসিয়াল পাসপোর্টের ফটোকপি এবং সর্বশেষ অর্জিত শিক্ষাগত সনদের ফটোকপি সংযুক্ত করতে হবে;
- আবেদনকারীদের বয়স ৪৫ বছরের নীচে হতে হবে। আবেদনকারীকে অনলাইনে আবেদন করতে হবে (নির্দেশনা সংযুক্ত)। অন-লাইনে পূরণকৃত আবেদনের হার্ড কপিতে নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। কোন কর্মকর্তা অনলাইনে আবেদন করতে ব্যর্থ হলে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না;

চলমান পৃষ্ঠা-২

১০. আবেদনপত্র অনলাইনে প্রেরণের পর তার হার্ডকপি প্রিন্ট করতে হবে। অতঃপর অনলাইন আবেদনের সঙ্গে সংযুক্ত চিকিৎসা সনদের অনুরূপ সনদ চিকিৎসক দ্বারা (ইংরেজি সিলসহ) পূরণ করতে হবে। অনলাইনে প্রেরিত আবেদনের প্রিন্ট কপি ও চিকিৎসা সনদের হার্ডকপিসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
১১. মনোনীত কর্মকর্তাবৃন্দের অনলাইনে পূরণকৃত আবেদনপত্র প্রাপ্তির পর মন্ত্রণালয় থেকে মনোনয়ন চূড়ান্ত করা হবে;
১২. জরুরি পুনর্বাসন, প্রত্যাভাসন, নির্বাচন সংশ্লিষ্ট বা প্রাকৃতিক দুর্যোগ কবলিত স্থানে ত্রাণ কার্যক্রম বা অন্য কোন জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের প্রয়োজন নেই;
১৩. মনোনীত কর্মকর্তাবৃন্দের যথাযথভাবে অনলাইনে আবেদনকৃত ফরমের ৩ সেট আবেদনের হার্ডকপি ও অন্যান্য সংশ্লিষ্ট সরকারি আদেশে বর্ণিত তারিখের মধ্যে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখায় (ভবন নং-২, ২য় তলা, কক্ষ নম্বর-১০৯) অবশ্যই পৌঁছাতে হবে।

সংযুক্ত: নির্দেশনা ১ ফর্দ।

মু. ইকরামুল ইসলাম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৭৪৪২৬  
ft@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক,.....(সকল)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

## How to fill online application for Mid Career training Programme in India – 53rd Batch

